অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সাম্প্রতিকতম মাঙ্কিপক্স টিকা বিতরণের ঘোষণা করেছেন ফেডারাল সরকার থেকে 2B বরাদ্দকরণের পরে

সকল নিউ ইয়র্কবাসীর মাঙ্কিপক্স সম্পর্কে জন উচিত নিজেদের সুরক্ষিত করতে এবং বিস্তার রোধ করতে

health.ny.gov/monkeypox এ যান

81336 নম্বরে "MONKEYPOX" টেক্সট করুন বা স্প্যানিশ ভাষায় সতর্কতার জন্য "MONKEYPOXESP" টেক্সট করুন 81336 নম্বরে

গভর্নর ক্যাথি হোকল আজ, নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের (New York State Department of Health) সাথে, ফেডারেল সরকারের থেকে নিউ ইয়র্ক স্টেটে অতিরিক্ত 8,822 ডোজ বরাদ্দের পর, নিউ ইয়র্কে JYNNEOS টিকা বিতরণের ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক সিটি ফেডারেল সরকারের কাছ থেকে সরাসরি 23,963 ডোজের নিজস্ব বরাদ্দকরণ পাবে।

"নিউ ইয়র্ক অসমান সংখ্যক মাঙ্কিপক্স কেসের সম্মুখীন হচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "আমি প্রেসিডেন্ট বাইডেন, ড: ঝা এবং অন্যান্য প্রশাসনিক কর্মকর্তাদের আমাদের রাজ্যের জন্য অতিরিক্ত টিকা সুরক্ষিত করার উদ্দেশ্যে তাদের অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাতে চাই। যদিও জাতীয় সরবরাহ সীমিত থাকে, আমরা নিউ ইয়র্ক যাতে টিকার ন্যায্য অংশ প্রাপ্ত হয় এবং আমাদের সব চেয়ে ঝুঁকিপূর্ণ সম্প্রদায়গুলিকে সুরক্ষা দেয় তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় জরুরি ভিত্তিতে এই প্রাদুর্ভাবের মোকাবিলায় আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখব।"

টিকা বিতরণের এই পর্যায়ে ("2B"), NYSDOH তার 2,000 ডোজ নিউ ইয়র্ক সিটিকে বরাদ্দ করেছে, এই এলাকায় কেন্দ্রীভূত কেসের সংখ্যা বেশি হওয়ার কারণে। রাজ্যের বাকি বরাদ্দকরণ কাউন্টিগুলিতে বিতরণ করা হবে সেই এলাকাগুলিতে মাঙ্কিপক্স কেসের সংখ্যার ভিত্তিতে, নিউ ইয়র্ক সিটির কতটা কাছাকাছি সেগুলি, এবং টিকার-যোগ্য নিউ ইয়র্কবাসীদের কাছে পৌঁছানোর ক্ষমতার উপর ভিত্তি করে। এই বরাদ্দকরণের সমস্ত ডোজ দুটি ডোজ টিকার সিরিজের প্রথম ডোজ হিসাবে প্রদান করার সুপারিশ দেওয়া হয়। যদিও ভ্যাকসিন সরবরাহ সীমিত, নিউ ইয়র্কবাসীরা সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত বলে গণ্য হওয়ার জন্য যাতে তারা প্রয়োজনীয় উভয় ডোজ

পান তা নিশ্চিত করার জন্য আগামী সপ্তাহ এবং মাসগুলিতে আরও টিকা পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে।

রাজ্য স্বাস্থ্য কমিশনার ড: মেরি টি. বাসেট বলেছেন, "আমরা নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং স্থানীয় কাউন্টির স্বাস্থ্য বিভাগগুলির প্রয়োজনীয় নির্দেশিকা, সংস্থান এবং পরিকাঠামো রয়েছে তা নিশ্চিত করার সাথে সাথে, নিউ ইয়র্কের প্রয়োজনীয় টিকার সরবরাহের পক্ষ সমর্থন করার জন্য আমরা আমাদের ফেডারেল অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাচ্ছি। নিউ ইয়র্কবাসীদের উপসর্গগুলি সহ, মাঙ্কিপক্স সম্পর্কে অবগত থাকা উচিত - যেমন সাধারণ ফুসকুড়ি - কিভাবে ভাইরাস ছড়ায় এবং সংস্পর্শে আসার পরে কী করতে হবে। আপনার যদি ফুসকুড়ি হয় তাহলে আমাদের ওয়েবসাইটে চিকিৎসা সম্পর্কে জানুন এবং একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন।"

NYSDOH টিকার সুষম বণ্টনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ, এবং যেমন এটি প্রথম পর্যায় থেকে রয়েছে, যোগ্যতা সব চেয়ে বেশি সংখ্যক কেস আছে এমন এলাকায় পরিচিত বা সম্ভাব্য সংস্পর্শে আসা ব্যক্তিদের উপর দৃষ্টি নিবদ্ধ করে। বর্তমান মাঙ্কিপক্সের প্রাদুর্ভাবের জন্য পোস্ট-এক্সপোজার প্রফিল্যাক্সিস (Post-Exposure Prophylaxis, PEP) সম্পর্কে CDC নির্দেশিকা অনুযায়ী, যারা ইতিমধ্যেই সংস্পর্শে এসেছেন বা সম্ভবত সংস্পর্শে এসেছেন তাদের কাউন্টি অনুযায়ী রাজ্যের বরাদ্দকরনে অগ্রাধিকার দেওয়া হয়েছে।

যোগ্যতায় নিম্নলিখিত নিউ ইয়র্কবাসীরা অন্তর্ভুক্ত:

- গত 14 দিনের মধ্যে মাঙ্কিপক্সের সাম্প্রতিক সংস্পর্শে থাকা ব্যক্তিরা।
- সমকামী, উভকামী, ট্রান্সজেন্ডার, এবং লিঙ্গ-অসঙ্গতিপূর্ণ সম্প্রদায়ের সদস্য এবং পুরুষদের সাথে যৌন সম্পর্ক স্থাপনকারী অন্যান্য সম্প্রদায় এবং যারা অন্তরঙ্গ বা ত্বকের সাথে ত্বকের যোগাযোগে নিযুক্ত হয়েছেন গত 14 দিনে, এই সম্প্রদায়গুলি মাঙ্কিপক্সের সাম্প্রতিক সংস্পর্শের উচ্চ ঝুঁকিতে রয়েছে, এবং এই সকল এলাকায় মাঙ্কিপক্স ছড়িয়ে পড়েছে।
- যে ব্যক্তিরা একটি সামাজিক নেটওয়ার্কে যেখানে মাঙ্কিপক্স ক্রিয়াকলাপের অভিজ্ঞতা হচ্ছে, তার মধ্যে থাকা কারোর সাথে ত্বকের সাথে ত্বকের যোগাযোগ করেছেন, যার মধ্যে আছে পুরুষদের সাথে যৌন সম্পর্ক করা পুরুষ যারা একটি অনলাইন ওয়েবসাইট, ডিজিটাল অ্যাপ্লিকেশন ("অ্যাপ") বা সামাজিক অনুষ্ঠানের মাধ্যমে অংশীদারদের সাথে মিলিত হন, যেমন একটি বার বা পার্টিতে।

ফেডারেল সরকারের কাছ থেকে নিউ ইয়র্ক স্টেটের জন্য বরাদ্দকৃত 8,822 ডোজগুলির মধ্যে 1,000টি নাসাউ কাউন্টিতে, 1,800টি সাফোক কাউন্টিতে, 2,600টি ওয়েস্টচেস্টার কাউন্টিতে, 600টি এরি কাউন্টিতে, 600টি মনরো কাউন্টিতে এবং 300টি সারাটোগা কাউন্টিতে বিতরণ করা হবে - যদিও সারাটোগা কাউন্টির 300টি ডোজের 100টি NYSDOH দ্বারা পূর্বে সংরক্ষিত ডোজ থেকে নেওয়া হবে (ফেজ "2A" থেকে)। আলবানি কাউন্টি, যেটি সবে তার প্রথম কেস ঘোষণা করেছে, 40 টি ডোজ পাবে এবং 2,000 ডোজ নিউ ইয়র্ক সিটিকে বরাদ্দ করা হবে।

টিকা বিতরণ ছাড়াও, নিউ ইয়র্কবাসীদের কাছে সরাসরি মাঙ্কিপক্সের তথ্য পেতে NYSDOH একটি ব্যাপক জনশিক্ষা অভিযান শুরু করেছে। এর মধ্যে আছে পুরুষদের সাথে যৌন সম্পর্ক করা পুরুষদের কাছে পৌঁছানোর জন্য পেইড, ডিজিটাল বিজ্ঞাপন এবং একটি উৎসর্গীকৃত ওয়েবসাইট তৈরি করা যাতে মাঙ্কিপক্সের সাম্প্রতিকতম তথ্য অন্তর্ভুক্ত। ওয়েবসাইটটিতে হাতে ধরার মত কার্ড, তথ্যের কার্ড, হ্যান্ডআউট এবং পোস্টার ইংরেজি এবং স্প্যানিশ উভয় ভাষায় বিনামূল্যে এবং ডাউনলোডযোগ্য বিন্যাসে পাওয়া যায়। মাত্র গত সপ্তাহে, গভর্নর হোকল এবং NYSDOH নিউ ইয়র্কবাসীদের মাঙ্কিপক্স সম্পর্কে তথ্য প্রদান করার জন্য একটি নতুন SMS টেক্সট বার্তা প্রয়াস শুরু করেছেন, নিউ ইয়র্কবাসীদের এলাকায় টিকা এবং পরিচর্যার উপলব্ধতার তথ্য অন্তর্ভুক্ত থাকতে পারে এমন অবস্থান-ভিত্তিক বার্তাগুলিতে অপ্ট-ইন করার ক্ষমতা সহ।

যে কারো মাঙ্কিপক্স হতে পারে, যা প্রাথমিকভাবে মানুষের মধ্যে ঘনিষ্ঠ, শারীরিক যোগাযোগের মাধ্যমে ছড়িয়ে পড়ে। বর্তমান প্রাদুর্ভাবের উপর ভিত্তি করে, নির্দিষ্ট কিছু জনসংখ্যা অন্যদের তুলনায় বেশি প্রভাবিত হচ্ছে, যার মধ্যে পুরুষদের সাথে যৌন মিলনকারী পুরুষ রয়েছে। বিশ্ব জুড়ে পূর্ববর্তী প্রাদুর্ভাবের তথ্যগুলি নির্দেশ করে যে বয়স্ক নিউ ইয়র্কবাসীরা, যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল, গর্ভবতী ব্যক্তি এবং ৪ বছরের কম বয়সী শিশুরা গুরুতর ফলাফলের উচ্চতর ঝুঁকিতে থাকতে পারেন।

সমস্ত নিউ ইয়র্কবাসী নিজেদের রক্ষা করতে পারেন এবং তাদের সম্প্রদায়ে মাঙ্কিপক্সের বিস্তার রোধ করতে পারেন:

- যৌন সঙ্গীদের জিজ্ঞাসা করুন তাদের ফুসকুড়ি বা মাঙ্কিপক্সের সাথে সামঞ্জস্যপূর্ণ অন্যান্য উপসর্গ আছে কিনা।
- ফুসকুড়ি বা অন্যান্য মাঙ্কিপক্স-সম্পর্কিত উপসর্গ আছে এমন কারো সাথে ত্বকের সাথে ত্বকের যোগাযোগ এড়িয়ে চলুন।
- সংস্পর্শে আসার বা উপসর্গের পরে একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন এবং টিকার যোগ্যতা সম্পর্কে আপনার স্থানীয় কাউন্টি স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করুন।
- যে নিউ ইয়র্কবাসী JYNNEOS টিকা নেন তাদের উভয় ডোজ নেওয়া উচিত, যা চার সপ্তাহের ব্যবধানে দেওয়া হয়, এবং সম্পূর্ণ টিকাকৃত না হওয়া পর্যন্ত সতর্ক থাকা উচিত, দ্বিতীয় ডোজের পর।
- যদি আপনি বা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী সন্দেহ করেন আপনার মাঙ্কিপক্স হতে পারে, তাহলে বাড়িতে বিচ্ছিন্ন থাকুন। যদি পারেন, পরিবারের অন্যান্য সদস্য এবং পোষা প্রাণীদের থেকে একটি পৃথক এলাকায় থাকুন।
- NYSDOH, CDC, এবং আপনার স্থানীয় কাউন্টি স্বাস্থ্য বিভাগ সহ স্বাস্থ্য তথ্যের খ্যাতনামা উৎস মেনে চলুন।

নিউ ইয়র্কবাসীরা 81336 নম্বরে "MONKEYPOX" বা স্প্যানিশের জন্য "MONKEYPOXESP" টেক্সট করে টেক্সট ক্যাম্পেইনের জন্য সাইন আপ করতে পারবে। ইচ্ছুক হলে, একটি জিপ কোড প্রদান করার মাধ্যমে, নিউ ইয়র্কবাসীরা অবস্থানভিত্তিক বার্তা বাছাই করতে পারবে।

মাঙ্কিপক্সের বিষয়ে আরো তথ্যের জন্য, কাউন্টি অনুযায়ী কেসের সংখ্যা, চিকিৎসা, এবং পরিচর্যা সহ, health.ny.gov/monkeypox এ যান।

নিউ ইয়র্কবাসীরা ফেডারেল সরকার থেকে নিউ ইয়র্ক স্টেটের জন্য প্রথম টিকা বরাদ্দের বিষয়ে আরো জানতে পারবেন এখানে এবং দ্বিতীয় বরাদ্দের বিষয়ে আরো জানতে পারবেন এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন